

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৭৭.০০১.২১.২৮

তারিখ: ২৯ পৌষ ১৪২৮

১৩ জানুয়ারি ২০২২

বিষয়: মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলাধীন পরগনাহী দৌলতপুর আলিম মাদ্রাসায় কর্মরত প্রভাষক (আরবী) জনাব মো: মিছবাহ উদ্দিন (ইনডেক্স নং- S2010344) এর এমপিও শিটে পদবী সংশোধনের আবেদন যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) জনাব মো: মিছবাহ উদ্দিন, প্রভাষক (আরবী) এর আবেদন, তারিখঃ ০৬/০৩/২০২১ খ্রিঃ মাশিঅর ডকেট নং ১৫৮৮৬, তারিখঃ ০৬/১২/২০২১ খ্রিঃ

(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বড়লেখা, মৌলভীবাজার এর অগ্রায়ন তারিখঃ ১০/০৩/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলাধীন পরগনাহী দৌলতপুর আলিম মাদ্রাসায় কর্মরত প্রভাষক (আরবী) জনাব মো: মিছবাহ উদ্দিন (ইনডেক্স নং- S2010344) এর এমপিও শিটে পদবী সংশোধনের আবেদন অধ্যক্ষ কর্তৃক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন করা হয়েছে। আবেদন পত্র অনুযায়ী প্রতিকার প্রার্থী প্রভাষক (আরবী) জনাব মো: মিছবাহ উদ্দিন এর চাহিত পদবী নিম্নরূপঃ

ক্রমিকনং	নাম, পদবী, বিষয়, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	এমপিও শীটে বিদ্যমান পদবী	আবেদনকারীর চাহিত পদবী
০১	জনাব মো: মিছবাহ উদ্দিন (ইনডেক্স নং- S2010344), প্রভাষক (আরবী) পরগনাহী দৌলতপুর আলিম মাদ্রাসা, দাকোপ, মৌলভীবাজার।	LEC	AP

আবেদনটি যাচাই পূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য জনাব মোহাম্মদ আবু নঈম, পরিচালক (প্রশাসন ও অর্থ), জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন, পরিদর্শক (খুলনা বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কে দায়িত্ব প্রদান করা হলো। তদন্ত কার্যক্রমে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ/ডকুমেন্ট/বিষয়াদি যাচাই করবেন:

- (০১) প্রতিকার প্রার্থীর নিজস্ব স্বাক্ষরযুক্ত আবেদন যথাযথ আছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (০২) প্রতিষ্ঠান প্রধান/গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশসহ অগ্রায়ণ করা হয়েছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (০৩) SSC/দাখিল/জন্ম তারিখ সম্বলিত মূল সনদসহ শিক্ষা জীবনের সকল সনদের নম্বর উল্লেখসহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (০৪) NID যথাযথ যাচাই করতে হবে এবং প্রতিবেদনে NID নম্বর ও ইস্যুর তারিখ উল্লেখ করতে হবে।
- (০৫) প্রথম MPO শীটসহ জন্ম তারিখ সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট MPO শীটসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (০৬) প্রথম বেতন-বিলসহ পদবী সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট বেতন বিলসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (০৭) চাকুরি জীবনে সকল প্রতিষ্ঠানে চাকুরী প্রাপ্তির আবেদন/সংশ্লিষ্ট সকল নিয়োগ পরীক্ষার ফলাফল শীট এবং অন্যান্য কাগজপত্রে জন্ম তারিখের বিষয়টি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (০৮) প্রথম চাকুরী কালীন সময়ে জনবল কাঠামো অনুযায়ী সংশ্লিষ্ট পদ/বিষয়/বেতন কোডে/বেতন স্কেলের প্রাপ্যতা এবং বর্তমানে দাবীকৃত পদ/বিষয়/কোডে/বেতন কোডে/বেতন স্কেলের প্রাপ্যতা যথাযথভাবে যাচাইপূর্বক মন্তব্য প্রাতবেদনে উল্লেখ করতে হবে।
- (০৯) প্রথম চাকুরিতে যোগদানের পর এমপিও পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পদবী সম্বলিত দাখিলকৃত আবেদনের মূল কপি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (১০) প্রয়োজনীয় ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক শাখার যথাযথ প্রত্যয়ন/প্রতিবেদন/ননড্রয়াল যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (১১) নামের পরিবর্তন/সংশোধনের ক্ষেত্রে বর্তমান এবং দাবীকৃত নাম বাংলা এবং ইংরেজিতে যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (১২) সমস্যার কারণ কি এবং কবে থেকে উক্ত সমস্যা সৃষ্টি হয়েছে তা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (১৩) প্রয়োজনে প্রতিকার প্রার্থীর/সংশ্লিষ্টদের বক্তব্য গ্রহণ এবং প্রয়োজনীয় ডকুমেন্টস/তথ্যাদি গ্রহণ/যাচাইপূর্বক মতামত দিবেন।
- (১৪) আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে বকেয়া দাবি করবেন না মর্মে প্রতিকার প্রার্থীর অঙ্গীকারনামা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

এবং যে সকল ডকুমেন্টস এর ভিত্তিতে আবেদন মঞ্জুরের সুপারিশ করা হবে সে সকল ডকুমেন্টসে তদন্তকারী কর্মকর্তার নামযুক্ত সীল স্বাক্ষরসহ থাকতে হবে।

(১৫) পদবী সংশোধনের/পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে যৌক্তিকতা, কারণ ও ব্যাখ্যাসহ প্রতিবেদনে উল্লেখ করতে হবে। আবেদন নামঞ্জুর হলেও কারণ উল্লেখ করতে হবে। তদন্তকারী কর্মকর্তা এতদসংক্রান্ত যাবতীয় আইন, বিধি, নীতিমালা, পরিপত্র এবং নির্দেশনাবলী যাচাই-বাছাইপূর্বক মতামত প্রদান করবেন।

০২. উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করে পদবী সংশোধনের/পরিবর্তনের জন্য দাখিলকৃত আবেদন আগামী ০৭ (সাত) দিনের মধ্যে যাচাইপূর্বক প্রমাণসহ সুনির্দিষ্ট মতামত/সুপারিশ প্রদানপূর্বক (মূল কপি ফেরত সহ) প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
সংযুক্তি: বর্ণনা মতে ০৫ ফর্দ।



১৩-১-২০২২

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) জনাব মোহাম্মদ আবু নঈম, পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ২) জনাব মোহাম্মদ হেলাল উদ্দীন, পরিদর্শক (খুলনা বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৭৭.০০১.২১.২৮/১(২)

তারিখ: ২৯ পৌষ ১৪২৮
১৩ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি/অধ্যক্ষ/ জনাব মো: মিছবাহ উদ্দিন, প্রভাষক (আরবী), পরগনাই দৌলতপুর আলিম মাদ্রাসা, দাকোপ, মৌলভীবাজার।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



১৩-১-২০২২

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক